গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর ঃ ৩৭.০৫.০০০০.০৯.৮২.০০৩.২১.১৭৩৪ তারিখ ঃ ০১ ডিসেম্বর, ২০২১।

বিষয় : বিজ্ঞপ্তি প্রকাশ।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর চাহিদার আলোকে সাধারন শিক্ষা ধারার ১৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদরাসা) ১৯৩ জন শিক্ষক নিয়োগের সুপারিশের জন্য নিবন্ধন সনদধারীদের নিকট হতে e-Application আহবানের জন্য বিশেষ গণবিজ্ঞপ্তি-২০২১(২) বহুল প্রচারের জন্য আপনার পত্রিকায় আগামী ০২ ডিসেম্বর, ২০২১ তারিখ ০১(এক) দিনের জন্য স্বল্প পরিসরে ভিতরের পৃষ্ঠায় সাদা-কালো মুদ্রণে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিশেষ গণবিজ্ঞপ্তিটি প্রকাশের পর ০৩(তিন) কপি পত্রিকাসহ বিল এনটিআরসিএ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বিশেষ গণবিজ্ঞপ্তি-২০২১(২) - ০৩ পাতা

০১/১২/২০২১
(মোঃ ওবায়দুর রহমান)
সচিব(উপসচিব)
এনটিআরসিএ, ঢাকা
ফোন: ৪১০৩০১২০

বিজ্ঞাপন ব্যবস্থাপক
১. দৈনিক ইত্তেফাক
২. The Daily Observer

স্মারক নম্বর ঃ ৩৭.০৫.০০০০.০৯.৮২.০০৩.২১.১৭৩৪ তারিখ ঃ ০১ ডিসেম্বর, ২০২১।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২) পি.এস টু মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।
৩) পি.এস টু মাননীয় উপ-মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।
৪) পিএ টু চেয়ারম্যান মহোদয়, এনটিআরসিএ, ঢাকা
৫) অফিস কপি

০১/১২/২১
(মোঃ ওবায়দুর রহমান)
সচিব(উপসচিব)
এনটিআরসিএ, ঢাকা
ফোন: ৪১০৩০১২০

E:\Letter Folder\883 (shikkhok niog).doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা )
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং : ৩৭.০৫.০০০০.০১১.২৩.০০১.২১-৮৫২

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
২৮-নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

## বিশেষ গণবিজ্ঞপ্তি-২০২১ (২)

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর চাহিদার ভিত্তিতে সাধারণ শিক্ষা ধারার শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদরাসা) ভোকেশনাল কোর্স চালুর লক্ষ্যে নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে আগ্রহী নিবন্ধনধারী প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে আবেদন (e-Application) আহবান করা যাচ্ছে :

০১। শূন্য পদের বিবরণ :

| পদের নাম | ট্রেডের নাম | ট্রেডের বিপরীতে পদের সংখ্যা | মোট পদের সংখ্যা | পদের ধরন | মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **ট্রেড ইন্সট্রাক্টর** | ১. Civil Construction | ১৩টি | **১৯৩টি** | **এমপিও** | **১৬০টি** |
| | ২. Computer and Information Technology | ০১টি | | | |
| | ৩. Food Processing and Preservation | ৮২টি | | | |
| | ৪. General Electronic Works | ২৭টি | | | |
| | ৫. General Electronics | ০৭টি | | | |
| | ৬. Plumbing and Pipe Fitting | ১৭টি | | | |
| | ৭. Refrigeration and Air- Conditioning | ৪৬টি | | | |

শর্তসমূহ :

০২। ০১ নম্বর ক্রমিকে উল্লিখিত পদসমূহের শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক তালিকা **এনটিআরসিএ'র ওয়েবসাইট www.ntrca.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট http://ngi.teletalk.com.bd**-এ প্রকাশ করা হয়েছে।

০৩। আবেদনকারীকে আবশ্যিকভাবে এনটিআরসিএ কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধনধারী এবং সমন্বিত মেধা তালিকাভুক্ত হতে হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

০৪। আবেদনকারীর বয়স ০১ জানুয়ারি ২০২১ খ্রি: তারিখে ৩৫ বছর বা তার কম হতে হবে। তবে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ইনডেক্সধারী প্রার্থী এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল ৩৯০০/২০১৯ মামলার রায় অনুযায়ী **১২.০৬.২০১৮** খ্রিষ্টাব্দ তারিখের পূর্বে যারা শিক্ষক নিবন্ধন সনদ লাভ করেছেন তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

০৫। প্রত্যেক আবেদনের জন্য আবেদনকারীকে ১০০ টাকা হারে ফি জমা দিতে হবে। নির্ধারিত হারে ফি জমা না দিলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

০৬। (ক) e-Application পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: **০৫ ডিসেম্বর ২০২১ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।**

(খ) e- Application জমা প্রদানের শেষ তারিখ ও সময়: **২০ ডিসেম্বর ২০২১ খ্রি: রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। ২০ ডিসেম্বর ২০২১খ্রি: তারিখ রাত ১২.০০ টা হতে শুধু** Application ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে অর্থাৎ **২২ ডিসেম্বর ২০২১ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত** SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।

(গ) অনলাইনে আবেদন ও ফি জমা দেওয়া সংক্রান্ত নিয়ম টেলিটক বাংলাদেশ লিমিটেড এর **http://ngi.teletalk.com.bd** ওয়েবসাইট এবং **www.ntrca.gov.bd ওয়েবসাইট-এ স্বতন্ত্রভাবে প্রদর্শন করা হয়েছে। এ বিষয়ের একটি নমুনা (ডেমো) টেলিটক বাংলাদেশ লিমিটেড এর** http://ngi.teletalk.com.bd **ওয়েবসাইটে পাওয়া যাবে।**

০৭। e- Application ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীর নামের বানানসহ NID নম্বর স্থায়ী ও অস্থায়ী ঠিকানা ও অন্যান্য তথ্যাদি শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফরম পূরণের সময় প্রদত্ত তথ্যের অনুরূপ হতে হবে। নামের বানান অনুরূপ না হলে বা ভুল বানান ব্যবহার করলে কম্পিউটার Processing এ বিভ্রাট ঘটবে যার দায় সংশ্লিষ্ট আবেদনকারীকে বহন করতে হবে।

০৮। সকল বৈধ আবেদনকারী অনলাইনে সফলভাবে আবেদন পেশ করার পর প্রতিটি পদের জন্য এনটিআরসিএ'র পক্ষ থেকে টেলিটকের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে একটি SMS পাবেন। আবেদনকারীকে দাখিলকৃত আবেদনের একটি প্রিন্ট কপি স্ব উদ্যোগে সংরক্ষণ করতে হবে।

০৯। যিনি যে বিষয়ে এনটিআরসিএ'র নিবন্ধন সনদধারী তিনি e-Advertisement এ প্রদর্শিত তার সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহের বিপরীতে তালিকায় বর্ণিত সকল প্রতিষ্ঠানের সকল পদে আবেদন করতে পারবেন। তবে এক ব্যক্তি একাধিক প্রতিষ্ঠানের একাধিক পদে আবেদন করলে পছন্দের ক্রম উল্লেখ করে দিতে হবে। তার পছন্দ ও মেধাক্রম অনুসারে মাত্র একটি পদের বিপরীতে তাকে নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

১০। শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী প্রার্থীকে আবশ্যিকভাবে কেবলমাত্র তার শিক্ষক নিবন্ধন সনদে উল্লিখিত বিষয় সংশ্লিষ্ট পদে আবেদন করতে হবে। আবেদনকারী মিথ্যা

তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগ সুপারিশ প্রাপ্ত হলে, উক্ত সুপারিশ বাতিলকরণ সহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। প্রাপ্ত আবেদনসমূহ সরকারি বিধি-বিধান অনুসরণ করে যাচাই অন্তে সমন্বিত জাতীয় মেধা তালিকা হতে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে ফলাফল SMS এর মাধ্যমে অবহিত করা হবে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগনের নিরাপত্তা/পুলিশ ভেরিফিকেশনের পর নিয়োগের জন্য সুপারিশপত্র প্রেরণ করা হবে এবং নির্বাচিত প্রার্থী ও সংশ্লিষ্ট প্রধানকে তা SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

১২। নিয়োগ **আবেদন (e-Application)** ফরমটি পূরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। নিজের নামের বানান, এনআইডি নম্বর, স্থায়ী ও অস্থায়ী ঠিকানাসহ অন্যান্য তথ্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। ফরম পূরণ শেষে একবার আবেদন ফি জমা হয়ে গেলে এপ্লিকেশন ফর্ম কোনভাবেই সংশোধনের সুযোগ থাকবে না। e-Advertisement এর ভুলের জন্য আবেদন বাতিল হলে এনটিআরসিএ দায়ী থাকবে না।

১৩। মামলা/আইনগত কোন জটিলতার কারণে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তি **(e-Advertisement)** এর কোন পদে নিয়োগ প্রদান সম্ভব না হলে বর্ণিত কারণের জন্য এনটিআরসিএ দায়ী থাকবে না।

১৪। **এমপিও নীতিমালা** অনুযায়ী ইনডেক্সধারী শিক্ষকদের বয়সসীমা শিথিলযোগ্য বিধায় বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যে সকল শিক্ষক নিবন্ধন সনদধারী হিসেবে কর্মরত রয়েছেন, তারাও অনলাইনে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। তবে তাদের আবেদনসমূহ অন্যান্য প্রার্থীদের ন্যায় সমন্বিত মেধা তালিকার ভিত্তিতে বাছাইপূর্বক নিয়োগ সুপারিশ করা হবে।

১৫। ০১ নম্বর ক্রমিকে বর্ণিত শূন্য পদের বিবরণ সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP) এর নিকট থেকে প্রাপ্ত হওয়ায় ভুল চাহিদাজনিত কারণে নিয়োগ সুপারিশে কোন জটিলতার জন্য এনটিআরসিএ কোনভাবে দায়ী থাকবে না।

১৬। এই **e-Advertisement** এর প্রদত্ত যে কোন শর্ত এবং প্রকাশিত বিজ্ঞপ্তি **NTRCA** যে কোন সময়ে সংযোজন, বিয়োজন ও পরিবর্তন এবং স্থগিতের অধিকার সংরক্ষণ করে।

২৮/১১/২০২১

**(কাজী কামরুল আহছান)**
পরিচালক (উপসচিব)
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
**ফোন:০২-৪১০৩০১২১।**

G:\NTRCA\RABBI\SESIP\গণবিজ্ঞপ্তি-2021.doc